

## শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানো হবে: মজিদ

চাঁপাইনবাবগঞ্জ, ৮ই নবেম্বর (বাসস)।—শিক্ষামন্ত্রী ডাঃ আবদুল মজিদ খান বলেছেন, সরকার বর্তমান শিক্ষা ব্যবস্থাকে জাতির চাহিদার উপযোগী করে ঢেলে সাজাতে দৃঢ় প্রতীক্ষা।

শিক্ষামন্ত্রী আজ স্থানীয় পৌর-সভা মিলনায়তনে সর্বসত্তরের জনগণের এক সমাবেশে ভাষণদানকালে বলেন, এ নতুন ব্যবস্থার লক্ষ্যই হচ্ছে শিক্ষার মানোন্নয়ন, শিক্ষাকে সার্বজনীন করা এবং দেশে শিক্ষিতের হার বাড়াতে।

তিনি বলেন, শিক্ষা ব্যবস্থাকে অবশ্যই কর্মমুখী, অত্যাধুনিক ও বিজ্ঞানসম্মত হতে হবে। অন্যথায় অব্যক্ত শিক্ষা ব্যবস্থা শিক্ষা ক্ষেত্রে বিশৃঙ্খলার সৃষ্টি করবে।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে দেশে ৭ কোটি ৩০ লাখেরও বেশী লোক নিরক্ষর রয়েছে। তিনি বলেন, প্রশ্ন-  
(শেষ পঃ ৭-এর কঃ ৪৩)

### মজিদ

(প্রথম পঃ পর)

সম বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে পদক্ষেপ হিসেবে ৪৫টি থানা উন্নীতকরণ শরুর মধ্য দিয়ে সরকার শিক্ষা প্রশাসন বিকেন্দ্রীকরণের বিষয়ও বিবেচনা করছেন।

তিনি বলেন, এ পরিচালনা অনুযায়ী গত্রের লোকদেরই নিজ নিজ গত্রমে শিক্ষা ক্ষেত্রে অগোর্গাভিত্য দায়িত্ব বহন করতে হবে। তারা নিজেরাই নিজ নিজ এলাকার স্কুল-গুলো পরিচালনা করবেন—শুধু সরকারের কাজ হবে সেগুলো তদারক করা।

মন্ত্রী এর আগে রাজশাহী থেকে চাঁপাইনবাবগঞ্জ আসার পথে বেশ কয়েকটি প্রাথমিক ও উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন। তিনি বিদ্যালয়-গুলোতে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে কিভাবে আরবী ও ইংরেজী শিক্ষা দেয়া হয় তা স্ক্রুক্ষে দেখেন। মন্ত্রী আজই রাজশাহী ফিরে যান এবং সংখ্যায় রাজশাহী পৌর মিলনায়তনে সর্বসত্তরের জনগণের এক সমাবেশে ভাষণ দেন।

016